ভোরের কাগজ

তারিখ ... JAN. 6 1999 ... ...
পৃষ্ঠা ... ৭০ ... কলাম ... ৫ ...

586

# ক্যাম্পাসে নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীদের সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। ৬ দফা বাস্তবায়নের দাবিতে আয়োজিত সমাবেশটি অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা বলেন, তাদের আন্দোলন যৌন নিপীড়নের বিরুদ্ধে এবং বিশ্ববিদ্যালয়ে যৌন হয়রানিবিরোধী নীতিমালা প্রণয়নসহ ৬ দফা বাস্তবায়নের লক্ষ্যে। যৌন নিপীড়ক এবং তাদের সমর্থকরা আন্দোলন নস্যাৎ করার জন্য আন্দোলনের শুরু থেকেই অপপ্রচার চালিয়ে যাচ্ছে। বক্তারা ৬ দফা দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

সমাবেশে বক্তব্য রাখেন ফারজানা রুপা, মনিরুল ইসলাম, এহসানি মনি প্রমুখ।

আজ বুধবার ৬ দফা দাবিতে যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা বিক্ষোভ মিছিল ও উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট করবে।

— OF — SHEETS